

## বিমান বাংলাদেশ এয়ারলাইন্স

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা কমিটি-র জুলাই/২০২০ এর মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি:	জিয়াউদ্দীন আহমেদ, পরিচালক প্রশাসন (যুগ্ম সচিব)
সভার তারিখ ও সময়:	১৪ জুলাই ২০২০ খ্রিঃ সকাল ১১:০০ ঘটিকা
স্থান:	কনফারেন্স রুম, বলাকা
উপস্থিতি:	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক” তে সন্নিবেশিত।

### ৩. আলোচনা

৩.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি মহাব্যবস্থাপক প্রশাসনকে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের নির্দেশের পরিপ্রেক্ষিতে মহাব্যবস্থাপক প্রশাসন আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন।

৩.২ সভায় প্রথমে ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির তৃতীয় ত্রৈমাসিক অর্জন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তৃতীয় ত্রৈমাসিক অর্জন প্রতিবেদনের সঙ্গে সফটওয়্যারে ইনপুটের ক্ষেত্রে বিদ্যমান বৈসাদৃশ্য নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া পরবর্তী এপিএ-তে বিচক্ষণতার সঙ্গে কর্মসম্পাদন সূচক, গণনা পদ্ধতি ও টার্গেট নির্ধারণের বিষয়েও বিস্তারিত আলোচনা করা হয় এখানে বিভিন্ন বিভাগ/অনুবিভাগ হতে প্রেরিত ত্রৈমাসিক পরিপ্রেক্ষিতে বিস্তারিত আলোচনা হয়। এরপর আগামী ২০২০-২১ অর্থ-বছরের খসড়া চুক্তি নিয়েও বিস্তারিত আলোচনা করা হয়। খসড়া চুক্তিতে কোন কোন ক্ষেত্রে কিছুটা সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে পরিলক্ষিত হয়। তাছাড়া বিভিন্ন বিভাগ/অনুবিভাগ কর্তৃক কতিপয় কার্যক্রম, কর্মসম্পাদন সূচক, গণনা পদ্ধতি ও টার্গেট নির্ধারণের বিষয়ে অধিকতর আলোচনা ও সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সকলে একমত পোষণ করেন।

### ৪. সিদ্ধান্ত

বিস্তারিত আলোচনা শেষে সকলের একমতের ভিত্তিতে নিমোক্ত সিদ্ধান্তগুলি গৃহীত হয়:

৪.১ আগামী ১৯ জুলাই ২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সকল বিভাগ/অনুবিভাগ হতে এপিএ ২০১৯-২০ এর ৪র্থ ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন প্রমাণকসহ প্রেরণ করবেন; এবং

৪.২ আগামী ১৯ জুলাই ২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সকল বিভাগ/অনুবিভাগ হতে ২০২০-২১ অর্থ-বছরের খসড়া এপিএ চূড়ান্ত করার জন্য সকল বিভাগ/অনুবিভাগ হতে সংশোধিত কার্যক্রম, কর্মসম্পাদন সূচক, গণনা পদ্ধতি ও টার্গেট নির্ধারণ করে প্রেরণ করবেন।

৫. সভায় আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(জিয়াউদ্দীন আহমেদ)

পরিচালক প্রশাসন (যুগ্মসচিব)  
ও সভাপতি

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা কমিটি

স্মারক নম্বর: ৩০.৩৪.০০০০.০৭০.২৭.০০০.২০-২০৬

তারিখ: ৩০ জুলাই ২০২০

২৪ জুলাই ২০২০








বিতরণ (জ্যেষ্ঠতা অনুসারে নয়):

- ১) সকল পরিচালক, বিমান।
- ২) উপ-সচিব (সিএ-১), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) ব্যবস্থাপনা পরিচালক ও সিইও'র ব্যবস্থাপক সমন্বয়- ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য।

APA (Annual Performance Agreement) বিষয়ক মাসিক সভা

জুলাই ২০২০

উপস্থিতি

ক্রমিক নং	নাম, পদবী	স্বাক্ষর
১	জিয়াউদ্দীন আহমেদ, (যুগ্ম সচিব), পরিচালক প্রশাসন, বিমান	
২	মোঃ আশফাকুল আমিন সুকুট, (উপসচিব), মহাব্যবস্থাপক প্রশাসন, বিমান	
৩	বোসরা ইসলাম, মহাব্যবস্থাপক, প্রকল্প ও পূর্ত	Absent
৪	মোহা. আবদুর রহমান ফারুকী, মহাব্যবস্থাপক প্রকিউরমেন্ট	 14-7-2020
৫	মোঃ আজিজুল ইসলাম, মহাব্যবস্থাপক এয়ারপোর্ট সার্ভিসেস	
৬	মোহাম্মদ সালাহউদ্দিন, মহাব্যবস্থাপক বিপণন	 14.07.2020
৭	A R M Kaiser Zaman, প্রধান প্রকৌশলী (ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস)	 14/7/2020
৮	মোঃ আশরাফুল হক, মহাব্যবস্থাপক সেন্ট্রাল কন্ট্রোল	Absent
৯	M. Masudur Rahman, General Manager, Corporate Planning	
১০	Niranjan Roy, Dgm CSQ	 14/07/2020
১১	পার্থ প্রতীম সেন, ব্যবস্থাপক বাজেট	
১২		
১৩		
১৪		
১৫		
১৬		
১৭		
১৮		
১৯		
২০		